

# পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নং - ২২৪১-২০৬০/২২১৯-৮৯৩০

মাননীয়,

বার্তা সম্পাদক

মহাশয়,

নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

প্রেস বিজ্ঞপ্তি

১৮-০৫-২০১৮

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি উত্তর দিনাজপুর জেলায় পঞ্চায়েত নির্বাচনের দিন প্রিসাইডিং অফিসার হিসেবে কর্মরত অবস্থায় করিমপুর হাই মাদ্রাসার শিক্ষক রাজকুমার রায়-এর হঠাৎ নিরুদ্দেশ হওয়া এবং অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে। নির্বাচনী দায়িত্ব পালনরত অবস্থায় একজন কর্মী কিভাবে নিরুদ্দেশ হতে পারেন তা নিয়ে প্রশ্ন ওঠা স্বাভাবিক। ঐদিন বুধ রক্ষার দায়িত্ব পালন করতে গিয়ে বহু ভোটকর্মীকে জীবনের ঝুঁকি নিয়ে বুধ দখল করতে আসা দুষ্কৃতিদের মুখোমুখি হতে হয়েছে। অধ্যাপক সমিতি মনে করে রাজকুমার রায়ের নিহত হওয়ার ঘটনাও এই দুষ্কৃতিদের হাতে ঠান্ডা মাথায় খুন হওয়ার ঘটনা। উনি সংবিধানের প্রতি দায়বদ্ধ থেকে তাঁর কর্তব্য পালনে নিষ্ঠাবান ছিলেন বলেই, এভাবে অসহায় অবস্থায় তাকে প্রাণ দিতে হয়েছে। আমরা রাজকুমার রায়ের নিহত হওয়ার ঘটনার তীব্র প্রতিবাদ ও নিন্দা করছি।

যেভাবে পশ্চিমবঙ্গ সরকার ও রাজ্য নির্বাচন কমিশন সমগ্র ঘটনার গুরুত্বকে খাটো করবার জন্য এবং এ বিষয়ে দায়িত্ব এড়ানোর জন্য বিষয়টিকে নিছক দুর্ঘটনা এবং পরবর্তী কালে আত্মহত্যার ঘটনা হিসাবে চিহ্নিত করতে চাইছে তা শুধু নিন্দার যোগ্য প্রচেষ্টা নয়, ভবিষ্যতে এধরনের কাজে যারা অংশ নেবেন তাদের কাছে গভীর উদ্বেগেরও।

অধ্যাপক সমিতি আজ মাননীয় রাজপালের কাছে একটি স্মারকলিপি প্রদান করে দাবি করছে :

ক) অবিলম্বে পঞ্চায়েত নির্বাচনের প্রিসাইডিং অফিসার হিসেবে কর্মরত অবস্থায় করিমপুর হাই মাদ্রাসার শিক্ষক রাজকুমার রায়ের অস্বাভাবিক মৃত্যুর ঘটনার নিরপেক্ষ ও C.B.I তদন্ত করতে হবে।

খ) নির্বাচনে কর্মরত অবস্থায় রাজকুমার রায়ের অস্বাভাবিক মৃত্যুর কারণে রাজ্য সরকারকে উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে এবং যেহেতু ওনার পরিবারে আর কোন উপার্জনশীল ব্যক্তি নেই তাই রাজকুমার বাবুর স্ত্রীকে রাজ্য সরকারী দপ্তরে চাকুরী দিতে হবে।

গ) ভবিষ্যতে নির্বাচনের কাজে অংশ নেওয়া প্রত্যেক ভোটকর্মীর জন্য পর্যাপ্ত নিরাপত্তার বন্দোবস্ত করতে হবে।

ঘ) শিক্ষা প্রতিষ্ঠানগুলির প্রতি বাড়তি গুরুত্ব প্রদানের জন্য আগামী দিনে স্কুল কলেজের শিক্ষক ও শিক্ষাকর্মীদের ভোটের কর্মী হিসেবে নির্বাচিত করা থেকে বিরত থাকতে হবে।

শ্রীতিনাথ প্রহরাজ

(শ্রীতিনাথ প্রহরাজ)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৪৩৩৮২০৬১০

শুভোদয় দাশগুপ্ত

(শুভোদয় দাশগুপ্ত)

সভাপতি

মোবাইল নং ৯৮৩১২০১৮৫২